

৩০

## ‘কোটা পদ্ধতি বাতিলের দাবিতে’ রাবি ইবি পবিপ্রবিতে কর্মসূচি

### যুগান্তর ডেস্ক

বিসিএসসহ সব পরীক্ষার কোটা পদ্ধতি বাতিলের দাবিতে রোববার রাজশাহী বিশ্ববিদ্যালয়, ইসলামী বিশ্ববিদ্যালয় ও পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ছাত্রছাত্রীদের বিভিন্ন কর্মসূচি পালন করেছেন। যুগান্তর প্রতিনিধিরা জানান—

**রাবি :** রোববার রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা ক্যাম্পাসে বৌন মিছিল ও সমাবেশ কর্মসূচি পালন করেছেন। বেলা সাড়ে ১১টার বিশ্ববিদ্যালয় সৈয়দ ইসমাইল হোসেন সিরাজী কলাভবনের সামনে থেকে আর নয় কোটা, এবার হবে ঘাড়াই মেধা কোটামুক্ত সফল পরীক্ষা চাই, সংবেদিত বিভিন্ন প্রাকর্ড বহন করে মিছিল বের করা হয়। মিছিলটি ক্যাম্পাসের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরির সামনে সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।

**ইবি :** রোববার ইসলামী বিশ্ববিদ্যালয়ের সাধারণ ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে মানববন্ধন ও বৌন মিছিল করেছেন। ‘কোটা নয় মেধা হোক যোগ্যতার আপকণ্ঠি, করণা চাই নু, মেধার মূল্যানে চাই, কোটামুক্ত বিসিএস পরীক্ষা চাই’ উত্‍সাহী স্লোগান সংবেদিত ব্যানার ও প্রাকর্ড নিয়ে কয়েকশ’ ছাত্রছাত্রী রোববার বেলা ১১টার মুক্তিযুদ্ধের স্মৃতি ভবন মূলবাংলায় পানদাশে সমবেত হন। এখানে থেকে তারা একটি বৌন

মিছিল বের করে ক্যাম্পাসের ওপরপূর্ণ সড়ক প্রদক্ষিণ করে প্রশাসন ভবনে এসে এক সমাবেশে মিলিত হন। এতে বক্তৃতা করেন মোঃ মুনিরুজ্জামান, সাইফুর রহমান, টিএস কবির, হেলাসুজ্জামান, পাতের রেজা হাকি, ওমর ফারুক, ফরিদা আক্তার, সাইফুল ইসলাম, জিয়াউর রহমান, সুজন, নিশা প্রমুখ।

**দুমকি :** পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা রোববার সকালে ক্যাম্পাসে মানববন্ধন করেছেন। সকাল ১০টার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবনের সামনে বিভিন্ন অনুষ্ঠানের দৃশ্যভিত্তিক পিন্টাকী এক ঘণ্টা মানববন্ধন কর্মসূচি পালন করেন।